

খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সরকার পদক্ষেপ নিচ্ছে -নৌপরিবহন প্রতিমন্ত্রী

বিরল (দিনাজপুর) ৮ নভেম্বর ২০২২

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এম.পি বলেছেন, বর্তমান সরকারের সময়ে খাদ্য নিরাপত্তার যে ঝুঁকির কথা বলা হচ্ছে-তা সম্পূর্ণ রাজনৈতিক কথাবার্তা। দেশের মধ্যে এক ধরনের আতংক তৈরি করার চেষ্টা করা হচ্ছে। আমাদের দেশে যে পরিমাণ রিসোর্স আছে; সেটি আমরা পুরোপুরি ব্যবহার করতে পারি নাই। যদি পুরোপুরি ব্যবহার করতে পারি তাহলে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা নয়; খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে পারব। বর্তমান সরকার সে পদক্ষেপ নিচ্ছে।


প্রতিমন্ত্রী আজ দিনাজপুরের বিরল উপজেলা পরিষদ মিলনায়তনে এনএটিপ ফেজ-২ প্রকল্পের ম্যাচিং গ্রান্ড এর মাধ্যমে সিআইজি সদস্যদের মাঝে বকনা গরু ও পিকআপ ভ্যান বিতরণ এবং এলডিডিপি প্রকল্পের মোবাইল ভেটেরিনারি ক্লিনিক এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা আফছানা কাওসারের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

এসময় অন্যান্যের মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার রেজ ওয়ানুল হক, বিরল উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র সবুজার আহমেদ সাগর, সাধারণ সম্পাদক রমাকান্ত রায় উপস্থিত ছিলেন।

প্রতিমন্ত্রী বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি প্রধান বাংলাদেশকে এবং কৃষিনির্ভর অর্থনীতিকে আরো বেশি গতিশীল করার জন্য কৃষি গবেষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করার লক্ষ্যে কৃষিবিদদের প্রথম শ্রেণির মর্যাদা দিয়েছিলেন। কৃষিবিদরা শুধু বাংলাদেশের কৃষিকে এগিয়ে নিয়ে যাননি; তাদের গবেষণার ফলে আমরা বারোমাস সবধরনের তরিতরকারি ও ফলমূল পাচ্ছি। ধানের উৎপাদন বিঘা প্রতি কয়েকগুণ বেড়ে গেছে। বঙ্গবন্ধুকে হত্যার পর গবেষণা কার্যক্রম বন্ধ হয়ে গিয়েছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গবেষণার জন্য অর্থায়ন করেছেন। আজকে তার ফল পাচ্ছি। বর্তমান সরকার কৃষি গবেষণাকে উৎসাহ দিচ্ছে। আজকে যদি আওয়ামী লীগ সরকার, শেখ হাসিনার সরকার দেশের দায়িত্বে না থাকত-তাহলে আমরা ভাতে মারা যেতাম। আমরা মঙ্গাপীড়িত রংপুরের কথা ভুলে গেছি। আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। আজকে শেখ হাসিনার সরকার এই জায়গায়টায় গুরুত্ব দিচ্ছে বলেই আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। সরকার যোগাযোগ অবকাঠামোসহ সব ধরনের অবকাঠামো নির্মাণ করছে। বিরলে যুব কমপ্লেক্স এবং স্টেডিয়াম নির্মাণ হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নীরবে উন্নয়ন কাজ করে যাচ্ছেন। দেশ এগিয়ে যাচ্ছে। এসব সম্ভব হয়েছে দেশপ্রেমিক সরকার প্রধান দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বের কারণে। তাঁর নেতৃত্বে বঙ্গবন্ধুর স্বপ্ন সোনার বাংলার স্থায়িরূপ দিতে পারি-সেজন্য প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু ও সুস্থ জীবন কামনা করছি।

পরে প্রতিমন্ত্রী বিরলে দুর্গাপুর কালিপূজা পরিদর্শন করেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪